# সেপ্টেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত (১৪তম) মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতিঃ | ফারজানা আক্তার<br>উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া |
| সভার তারিখ ও সময়ঃ | ০৮/০৯/২০২৫, সকাল- ১০.০০ ঘটিকা |
| সভার স্থানঃ | "বজ্রকণ্ঠ" উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |

উপস্থিত ব্যক্তিবর্গের তালিকাঃ পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু হয় এবং পূর্ববর্তী মাসের কার্যবিবরণী সকলকে পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানানো হয়।

## উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া এর কর্মকর্তার কার্যালয়

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা সমাজ সেবা অফিস, সমবায় অফিস ও মহিলা বিষয়ক অফিসের স্যানেটারী লাইনে সমস্যা হয়েছে। ঠিকমত পানি নিস্কাশন হচ্ছে না। ফল নীচ থেকে পানি লিক করে অফিস রুমের ভিতর চলে আসছে এবং দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা ব্যহত হচ্ছে। যে কারণে অফিস গুলোর স্যানেটারী লাইন সংস্কার করা প্রয়োজন। উক্ত কাজের জন্য ১,০০,০০০/= (এক লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাব উপস্থাপন করেন। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এরিয়ার সম্মুখে একটি গেট নির্মাণ করার প্রস্তাব এসেছে। উক্ত কাজের জন্য ৩,০০,০০০/= (তিন লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। গত অর্থ বছরের ডুমরিয়া ইউনিয়নের হাট-বাজার উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়। এর মধ্যে বাঁশবাড়ীয়া হাটের ফিস শেড সংস্কার কাজ করা হয়। উক্ত কাজ কাজের বরাদ্দ ছিল ১,৮০,০০০/= (এক লক্ষ আশি হাজার) টাকা মাত্র। কাজটি সম্পন্ন হয়েছে। সভায় অনুমোদন হলে বিল প্রদান করা যেতে পারে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) ০৪নং পাটগাতী ইউনিয়ন পরিষদ ভবন পরিত্যাক্ত ঘোষণার সিদ্ধান্ত সর্বসম্মত ভাবে সভায় গৃহীত হয়।<br>(২) অত্র সভার কার্যবিবরণীসহ ভবনটি পরিত্যাক্ত ঘোষণার জন্য জেলা কন্ডেমেশন কমিটির নিকট প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) বাঁশবাড়ীয়া হাটের ফিস শেড সংস্কার কাজের বিল প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া<br>(২) উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া |

## উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, চলতি মাসের শেষের দিকে হিন্দু ধর্মাবলম্বীদের দূর্গাপূজা উৎসব অনুষ্ঠিত হবে। সে লক্ষ্যে উপজেলার ৯০টি দূর্গা মন্দিরের জন্য মন্দির প্রতি ৫০০ কেজি করে ৪৫ মে.টন চাউল বরাদ্দ এসেছে। বর্তমানে নতুন কোন বরাদ্দ নেই। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) দূর্গাপূজা উপলক্ষ্যে মন্ডপগুলোতে বিধিমোতাবেক চাউল বিতরণ দ্রুত সম্পন্ন করতে হবে। | (১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, মন্ডলবাড়ী কমিউনিটি ক্লিনিক নিজস্ব কোন ভবন নেই। পার্শ্ববর্তী একটি মন্দিরের মধ্যে ক্লিনিকের মালামাল রেখে কোন রকমে ক্লিনিকের কাজ পরিচালনা করা হচ্ছে। উক্ত কমিউনিটি ক্লিনিকের জন্য ফ্লোর পাকাসহ একটি টিনশেড ঘর/ভবন নির্মাণ করা হলে ক্লিনিকের সেবা প্রদান কাজ করতে সুবিধা হত। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের সদস্যদের জন্য দপ্তর ভিত্তিক একটি করে ফাইল ডেক্স ও নির্ধারিত ভাবে সিট প্লান করার প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) মন্ডল বাড়ী কমিউনিটি ক্লিনিকের জন্য সর্বসম্মতিক্রমে এডিপি বরাদ্দ হতে একটি টিনশেড ঘর নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, টুঙ্গিপাড়া জানান যে, গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। ৬০টি গভীর নলকূপের মধ্যে ৩৫টি গভীর নলকূপ স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | (১) নির্ধারিত সময়ের মধ্যে গভীর নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, টুঙ্গিপাড়া |

## উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা কৃষি অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় ১২৫ জন কৃষকের জন্য জনপ্রতি ৫ কেজি মাসকলাই বীজ, ১০ কেজি ডিএপি, ৫ কেজি এমওপি সারের বরাদ্দ পাওয়া গেছে। অগ্রাধিকার তালিকা প্রস্তুতির কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ১৫৭৫ হেক্টর জমিতে আমন ধানের আবাদ হয়েছে। সভায় তিনি আরও বৃক্ষরোপনের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ১,০০,০০০/= (এক লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) দাপ্তরিক নিয়মিত সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, জেলেদের নিবন্ধন হালনাগাদ করার কার্যক্রম শুরু হয়েছে। বিগত সময়ে যে সকল প্রকৃত জেলে নিবন্ধন করতে পারেনি, নতুন ভাবে নিবন্ধন করতে পারবেন। এ বিষয়ে প্রচারণার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানেদের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভায় তিনি আরও জানান যে, দেশীয় প্রজাতির মাছের জন্য ক্ষতিকর চায়না দুয়ারী জাল অভিযানের মাধ্যমে জব্দ করা হয়েছে এবং স্পট ও উপজেলা পরিষদ চত্তরে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে। ভেসাল ও অন্যান্য ক্ষতিকারক জালের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। উপজেলার বিভিন্ন বিলের খালগুলোতে যেন কোন স্বার্থান্বেষী মহল সেচ দিয়ে মাছ ধরতে না পারে এবং খালে বাঁধ দিয়ে পানির প্রবাহে বাধা সৃষ্টি করতে না পারে এ ব্যাপারে নিয়মিত পরিদর্শন অব্যাহত রয়েছে। সভায় তিনি আরও জানান যে, মাছের উৎপাদন বৃদ্ধি ও বিলুপ্তপ্রায় মাছের প্রজাতি রক্ষায় অত্র উপজেলায় স্থাপিত বন্যাবাড়ি মৎস্য অভয়াশ্রম সহ অন্যান্য অভয়াশ্রম নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। অভয়াশ্রমে কোন স্বার্থান্বেষী মহল যেন মাছ ধরতে না পারে সেজন্য মনিটরিং অব্যহত রয়েছে। উপজেলার বিভিন্ন এলাকার ব্যাক্তিগত জলাশয়ে মাছের ঘেরের উপরে শেড তৈরি করে মুরগী চাষ করা হচ্ছে যা জনস্বাস্থের জন্য ক্ষতিকর। জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক এ ধরনের চাষীকে সচেতন করে অপসারন করার ব্যবস্থা গ্রহনের উপজেলার সকল মাছ ও মুরগীর যৌথ চাষের খামারীদের পত্র পেরণ করা হয়েছে। অফিসে আগত এবং মাঠ পর্যায়ের ২০ জন চাষীর পুকুরের মাটি ও পানি পরীক্ষা করে মাছের উৎপাদন বৃদ্ধি সংক্রান্ত প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। পরবর্তী বছর মাছ চাষের জন্য চাষীদের পুকুর মেরামতের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। উপজেলার মৎস্য খাদ্য বিক্রয়কারী প্রতিষ্ঠানগুলি নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। যে সকল প্রতিষ্ঠানের লাইসেন্স নেই তাদের লাইসেন্স প্রদান এবং লাইসেন্সধারী প্রতিষ্ঠানগুলিকে নিয়মিত লাইসেন্স নবায়নের জন্য পত্র মারফত ও মৌখিক তাগাদা প্রদান করা হচ্ছে। সভায় তিনি আরও জানান যে, সাসটেইনেবল কোষ্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট এর আওতায় চিংড়ি উৎপাদন বৃদ্ধির কার্যক্রমের অংশ হিসেবে ক্লাষ্টার ভিত্তিক চিংড়ি চাষ অব্যাহত রয়েছে এবং উন্নত চিংড়ি চাষের পরামর্শ প্রদান করা হচ্ছে। মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলা মৎস্যজীবিদের মাঝে বিতরণকৃত ৭০ টি বকনা বাছুরের বর্তমান অবস্থা মনিটরিং করা চলমান রয়েছে। বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষে ০২ টি গ্রুপের ১০ জন দরিদ্র মৎস্যজীবিকে মাছ চাষের আওতায় আনা হয়েছে। মৎস্যচাষীদের ঘের রেজিষ্ট্রেশন কার্যক্রম চলমান ছিল। সম্প্রতি মৎস্যচাষীদের আবেদনের প্রেক্ষিতে ঘের রেজিষ্ট্রেশন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রজেক্ট এর আওতায় সাব পোল্ডার এলাকায় প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। অত্র দপ্তরের প্রকল্প ভিত্তিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | **সিদ্ধান্তঃ** ১। মৎস্য সংরক্ষণে আরও সচেষ্ট হতে হবে।<br>২। অবৈধ চায়না দুয়ারী, কারেন্ট জালের বিরুদ্ধে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>৩। স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ইউনিয়ন ভিত্তিক সমন্বিত মৎস্য খামার চাষীদের তালিকা প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পৌছিয়ে দিবেন।<br>৪। নতুন জেলেদের নিবন্ধনের জন্য স্ব স্ব ইউনিয়নে প্রচারনা চালাতে হবে। | (১) সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টুঙ্গিপাড়া<br>(২) উপজেলা মৎস্য কর্মকর্তা, টুঙ্গিপাড়া<br>(৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

## উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, নিয়মিত কার্যক্রমঃ বিগত আগস্ট/২৫ মাসে গবাদি পশুর চিকিৎসা প্রদান-২৫৩৫ (সংখ্যা), হাঁস-মুরগির চিকিৎসা প্রদান-২৫১৩৫ (সংখ্যা)। গাভীর কৃত্রিম প্রজনন-৩৪০ (সংখ্যা), টিকা প্রদান- ১৭০ মাত্রা। সভায় তিনি আরও জানান যে, দপ্তরে ১১ টি রাজস্ব পদের মধ্যে ৮ টি পদ ই শূন্য। ৪ টি উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ), কম্পাউন্ডার, ভেটেরিনারি সার্জন, অফিস সহকারী এবং অফিস সহায়কের পদটি দীর্ঘ দিন ধরে শূন্য রয়েছে। বিগত অর্থ বছরে এডিপি বরাদ্দ হতে গবাদি পশুর কৃমিনাশক ঔষধ কেনার জন্য বরাদ্দ প্রদান করা হয়েছিল। চলতি বছরেও এডিপি প্রকল্প হতে কৃমি নাশক ঔষধ ক্রয়ের জন্য বরাদ্দ প্রদানের প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) দাপ্তরিক নিয়মিত সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | (১) উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।<br>(২) উপজেলা বন কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, ৫২তম গ্রীষ্মকালীন খেলাধুলা-২০২৫ আগামী ২১ ও ২৩ সেপ্টেম্বর/২৫ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। দুই দিন ব্যাপি অনুষ্ঠিত হবে। উক্ত খেলাধুলা পরিচালনার প্রস্তুতিমূলক সভা ১৮/০৮/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপজেলা পরিষদ থেকে ২০,০০০/= (বিশ হাজার) টাকা অনুদান প্রদানের জন্য অনুরোধ করা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ (১) বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের নিয়ে অভিভাবক সমাবেশ করতে হবে।<br>(২) দাপ্তরিক নিয়মিত সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | ১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া<br>২) একাডেমিক সুপারভাইজার টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের বৃত্তি পরীক্ষা পুনরায় চালু হবে। আগামী ২১,২২ ও ২৪ ডিসেম্বর,২০২৫ খ্রি. বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বৃত্তি পরীক্ষায় কোন কিন্ডারগার্টেন স্কুল অংশ গ্রহণ করতে পারবেন না। সভায় তিনি আরও জানান যে, উপজেলার ৫টি ইউনিয়নেই পুরাতন জরাজীর্ণ স্কুল নীতিমালা অনুযায়ী নিলাম হবে। উক্ত কাজে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) বিদ্যালয়ের দুর্বল ছাত্র-ছাত্রীদের জন্য আলাদাভাবে পাঠদানের জন্য অনুরোধ জানান।<br>(২) বিদ্যালয়ের নিলাম কার্যক্রম বিধি মোতাবেক সুষ্ঠু ভাবে সম্পন্ন করতে হবে। | ১) উপজেলা শিক্ষা কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## উপজেলা সমাজ সেবা কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা সমাজ সেবা কর্মকর্তা টুঙ্গিপাড়া জানান যে, সকল প্রকার ভাতা যাচাই-বাছাই করে হাল নাগাদ করার নির্দেশনা এসেছে। উক্ত কাজে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) স্বচ্ছতার সাথে ভাতা ভোগী যাচাই-বাছাই করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, আগস্ট/২০২৫ পর্যন্ত ক্ষুদ্র ঋণ কার্যক্রমের তথ্য ঋণ বিতরণ- মাসে- ২৮.৭২ লক্ষ টাকা, আদায়- ৪০.২৬ লক্ষ টাকা, মেয়াদ উত্তীর্ণ- ১৪৫.৫০ লক্ষ টাকা এসএমই ঋণ কার্যক্রমের তথ্য ঋণ বিতরণ- মাসে- ৪১.০০ লক্ষ টাকা, ঋণ আদায়- মাসে- ৩৫.২০লক্ষ টাকা, মাঠে পাওনা- চলতি- ৪৪২.৫৬ লক্ষ টাকা। দক্ষতা উন্নয়ন ও সচেতনতা বৃদ্ধি বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। সভায় তিনি আরও জানান যে, তার দপ্তরে ৬টি সার্টিফিকেট মামলা ছিল ১টি মামলা নিষ্পত্তি হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম গতিশীল করতে হবে।<br>(২) সার্টিফিকেট মামলা নিষ্পত্তি করণের কার্যকর উদ্যোগ নিতে হবে। | (১) উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া<br>(২) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

# উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা সমবায় কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, তার অফিসের স্যানেটারী লাইনে সমস্যা হয়েছে। ঠিকমত পানি নিষ্কাশন হচ্ছে না। ফল নীচ থেকে পানি লিক করে অফিস রুমের ভিতর চলে আসছে এবং দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা ব্যহত হচ্ছে। সভায় তিনি আরও জানান যে, উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রমের ভিতরে সমবায় সমিতি নিবন্ধনসহ অডিট কার্যক্রম যথা নিয়মে লক্ষ্যমাত্রা অনুযায়ী চলছে। এছাড়া বর্তমান সময়ে সারাদেশে বিশেষ করে সমবায় বিভাগের নিবন্ধন বিহীন বিভিন্ন নামে বহুমুখী/মাল্টিপারপাস সমবায় সমিতির নামে সঞ্চয় সংগ্রহসহ ঋণ কার্যক্রম পরিচালনা করছে। তাই বিশেষ করে টুঙ্গিপাড়া উপজেলায় এ ধরনের অনুমোদনবিহীন কোন সমিতি কার্যক্রম করলে উপজেলা সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ করা হলো। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ উন্নয়ন প্রকল্পের অধীন উপজেলা সমবায় দপ্তর টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ এর আওতায় ১৬৬ জন দুগ্ধ খামারীকে ঘূর্ণয়মান তহবিল হিসাবে ক্রমপুঞ্জিভূত ০৩ (তিন) বছর মেয়াদী =২,৯৬,৪০,০০০/- (দুই কোটি ছিয়ানব্বই লক্ষ চল্লিশ হাজার) টাকা ঋণ দাদন করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত ঋণ আদায়ের পরিমাণ = ১,৬৭,২৬,০০০/=টাকা। আদায়যোগ্য ঋণ ২,২৭,০০,০০০/- টাকা, আদায়ের হার ৭১%। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় বাস্তবায়নাধীন আশ্রয়ন প্রকল্প ফেইজ ২ এর অধীন উপজেলা সমবায় দপ্তর টুঙ্গিপাড়া গোপালগঞ্জ এর আওতায় নিবন্ধিত ০২ (দুই) টি সমিতিতে ৬৮ জন সদস্যদের কে ১১,১০,০০০/= টাকা ঋণ সাধন করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত ঋণের আসল আদায় ৪,৭২,৬০৩/= টাকা। বর্তমান মাস পর্যন্ত ক্ষণের সার্ভিস, আদায়= ৩৩,০৮২/= টাকা, আদায় যোগ্য জন ১১,৮৭,৭০০/- টাকা, আদায়ের হার ৩৯%। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নতজাতের গাভীপালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় ইতোমধ্যে উপজেলা সমবায় দপ্তর টুঙ্গিপাড়া গোপালগঞ্জ এর অধীন নিবন্ধিত ০২টি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন মহিলা সদস্যদের মাঝে ক্রমপুঞ্জিভূত ৩,৪৬,০০,০০০/= (তিন কোটি ছেচল্লিশ লক্ষ) টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং বর্তমান মাস পর্যন্ত আদায় ২০০০৬১০০/= শেয়ার আদায় ৫,৭০,০০০/- টাকা। সঞ্চয় আদায় ৯,৯২,০০০/- টাকা। আদায়ের হার ৭৫%। ৫। ২০২৪-২০২৫ অর্থ বর্ষে রাজস্ব ধার্য = ২৯২৮০/= পরিশোধ ২৯২৮০/-টাকা। ২০২৫-২০২৬ অর্থ বর্ষে অডিট যোগ্য সমিতি ৭৩ টি, বর্তমান মাস পর্যন্ত অডিট কৃত সমিতি= ০৭ টি। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বঙ্গবন্ধু গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প অত্র উপজেলায় গ্রহন করা হয়েছে। প্রকল্পের আওতায় "বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতি লি: পাটগাতী, নামে সমিতিটির নিবন্ধন কার্যক্রম সম্পাদন করা হয়েছে। নিবন্ধিত সমিতির ৩০০ জন সদসাদের মাঝে প্রত্যেককে ৫০০০০/= (পঞ্চাশ হাজার) টাকা করে সর্বমোট ১৫০,০০,০০০/= (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত ৪৮৮৫২০০/= টাকা ঋণ আদায় করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত ১৬৯১৫৬/= টাকা সার্ভিস আদায় করা হয়েছে। উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম চলমান আছে। আদায় যোগ্য ঋণ ১০৩০০০০০/- টাকা আদায়ের হার ৮৯%। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) স্যানেটারী লাইন সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়াকে অনুরোধ জানান।<br>(২) দাপ্তরিক নিয়মিত সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | (১) উপজেলা সমবায় কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, ২০২৫-২০২৬ চক্রে আগস্ট মাস পর্যন্ত চাউল বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। জুন ২০২৫ পর্যন্ত ইএফটির মাধ্যমে ৮০০/- হারে মাসিক ভাতা পরিশোধ করা হয়েছে। কার্যক্রম চলমান। জুলাই ২০২৫ মাসে নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত একটি আবেদন পাওয়া গেছে। তদন্ত প্রক্রিয়াধীন। জুলাই ২০২৫ মাসে বাল্যবিবাহ নিরোধ সামাজিক আন্দোলনের অংশ হিসাবে মহিলা বিষয়ক অধিদপ্তর, টুঙ্গিপাড়ায় যৌতুক, যৌন হয়রানী, ইভটিজিং ও সচেতনতা বিষয়ক ২টি উঠান বৈঠক করা হয়েছে, ছবি ওয়েব পোটালে প্ররন করা হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় টুঙ্গিপাড়া উপজেলায় ৫টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় মোট ৬ টি কিশোর কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে। উক্ত ক্লাবসমূহ প্রতিটিতে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরের সমন্বয় পরিচালিত হচ্ছে। ক্লাবসমূহ কিশোর কিশোরীদের মানসিক বিকাশ ও সুস্থ বিনোদনসহ সমাজের ইতিবাচক পরিবর্তনে নেতৃত্ব সৃষ্টি করা হচ্ছে। ক্লাব চলাকালীন সময় সদস্যদের নাস্তার তালিকা অনুযায়ী স্বাস্থ্যসম্মত আপ্যায়ন/নাস্তা খাওয়ানো হয়। মহিলাদের আত্ম নির্ভরশীল করে গড়ে তোলার লক্ষ্যে টুঙ্গিপাড়া উপজেলায় এ পর্যন্ত ২৫৮ জন 'মহিলাদের মধ্যে =৩৪৬৬৫৩০/- টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে ২১০০৫৭৭/-অদ্যবধি আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার ৬৭.৯৪%। জুলাই ২০২৫ মাসে ১৩ জন মহিলাদের মধ্যে ৩,৭৫,০০০/- ঋণ বিতরণ করা হয়েছে। টুঙ্গিপাড়া উপজেলায়- মোট ২২টি নিবন্ধনকৃত সেচ্ছাসেবী মহিলা সমিতি আছে ১৫টি সক্রিয় ও ৭টি নিষ্ক্রীয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে ৯টি সমিতির অনুকূলে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ হতে এক কালীন অনুদান পেয়েছে ২,৯০,০০০/- টাকা।এছাড়া দাপ্তরিক সাধারণ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) সামাজিক নিরাপত্তা বেষ্টনীর উপকার ভোগীদের তালিকা ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।<br>(২) উপকারভোগীদের তালিকা সঠিকতা যাচাই করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(৩) কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রমকে আরও বেগবান করতে হবে।<br>(৪) বাল্যবিবাহ নিরোধ ও কিশোরীদের হাইজিন বিষয়ক সচেতনতা তৈরির লক্ষ্যে উঠান বৈঠক/ সভা করতে হবে।<br>(৫) স্বপ্ন প্রকল্প কার্যক্রম যথাযথভাবে তদারকি করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(৬) ০৮/০৭/২০২৫ তারিখ যে তালিকা হয়েছে। উক্ত তালিকা যাচাই বাছাই করে স্বচ্ছল ব্যক্তিদের নাম বাদ দিতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা টুঙ্গিপাড়া জানান যে, বিভিন্ন ট্রেডে যুব প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রতিটি বিষয়ে প্রশিক্ষণ শুরুর পূর্বে ব্যাপক প্রচারণা চালান হয়। সফলভাবে প্রশিক্ষণ শেষে সনদ ও যুবঋণ প্রদান করা হয়। সভায় তিনি আরও জানান যে, আত্ম-কর্মসংস্থান কর্মসূচির আওতায় ঋণের সংখ্যা ১১০২। এখানে আদায় যোগ্য ঋণের পরিমাণ ২০৩৪৬২৯/= টাকা, আদায়কৃত ঋণের পরিমাণ ১৬৯৯০০/= মোট আদায়ের হার ৮.৩৫%। পরিবারভিত্তিক কর্মসূচির আওতায় ঋণের সংখ্যা ৭১৭৬। আদায়যোগ্য ঋণের পরিমাণ ২৯৮৩৪৯৫= টাকা, আদায়কৃত টাকার পরিমাণ- ২১০০০/=টাকা মোট আদায়ের হার ০.৭০%। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম গতিশীল করতে হবে।<br>(২) সার্টিফিকেট মামলা নিষ্পত্তি করণের কার্যকর উদ্যোগ নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## টুঙ্গিপাড়া পৌরসভা

| | | |
|---|---|---|
| সভায় পৌর নির্বাহী কর্মকর্তা পক্ষে প্রেরিত প্রতিনিধি জানান যে, ৫টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। চলতি বছর এডিপি কাজের টেন্ডার আহবান কার্যক্রম চলমান রয়েছে। সভায় তিনি আরও জানান যে, পাটগাতী ইউনিয়নের পৌরসভার সামনের পানির লাইন সংস্কার কাজ করার সময় রাস্তা খনন করা হয়। কিন্তু এখন পর্যন্ত রাস্তাটি সংস্কার করা হয়নি। দ্রুত রাস্তাটি সংস্কার করার জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ** (১) দাপ্তরিক নিয়মিত সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | পৌর নির্বাহী কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## কুশলী ইউনিয়ন পরিষদ

| | | |
|---|---|---|
| সভায় চেয়ারম্যান প্যানেল-১, কুশলী ইউনিয়ন পরিষদ জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলেছে। | **সিদ্ধান্তঃ** (১) নিয়মিত ট্যাক্স আদায় রেজিষ্টার হালনাগাদ করতে হবে।<br>(২) ইউনিয়ন পরিষদের মাসিক সভা ও ১৩ টি স্থায়ী কমিটির সভা নিয়মিত সম্পন্ন করে কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (১) চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ টুঙ্গিপাড়া |

## পাটগাতী ইউনিয়ন পরিষদ

| | | |
|---|---|---|
| সভায় চেয়ারম্যান প্যানেল-২, পাটগাতী ইউনিয়ন পরিষদ জানান যে, পাটগাতী ইউনিয়ন পরিষদটি খুবই জরাজীর্ণ অবস্থায় রয়েছে। ভবনটিতে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার কোন পরিবেশ নেই। ভবনের ছাদ থেকে অনবরত বৃষ্টির পানি পড়ে এবং ঢালাইসহ প্লাষ্টার প্রায় ভেঙ্গে পড়ে। ভবনটি কনডেম ঘোষণার জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | **সিদ্ধান্তঃ** (১) নিয়মিত ট্যাক্স আদায় রেজিষ্টার হালনাগাদ করতে হবে।<br>(২) ইউনিয়ন পরিষদের মাসিক সভা ও ১৩ টি স্থায়ী কমিটির সভা নিয়মিত সম্পন্ন করে কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (১) উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া<br>(২) চেয়ারম্যান,পাটগাতী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া |

## বর্নি ইউনিয়ন পরিষদ

| | | |
|---|---|---|
| সভায় চেয়ারম্যান প্যানেল-১, বর্নি ইউনিয়ন পরিষদ জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ** (১) নিয়মিত ট্যাক্স আদায় রেজিষ্টার হালনাগাদ করতে হবে।<br>(২) ইউনিয়ন পরিষদের মাসিক সভা ও ১৩ টি স্থায়ী কমিটির সভা নিয়মিত সম্পন্ন করে কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (১) চেয়ারম্যান, বর্নি ইউনিয়ন পরিষদ |

## গোপালপুর ইউনিয়ন পরিষদ

| | | |
|---|---|---|
| সভায় চেয়ারম্যান প্যানেল-১, গোপালপুর ইউনিয়ন পরিষদ জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ** (১) নিয়মিত ট্যাক্স আদায় রেজিষ্টার হালনাগাদ করতে হবে।<br>(২) ইউনিয়ন পরিষদের মাসিক সভা ও ১৩ টি স্থায়ী কমিটির সভা নিয়মিত সম্পন্ন করে কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (১) চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ |

## ডুমরিয়া ইউনিয়ন পরিষদ

| | | |
|---|---|---|
| সভায় চেয়ারম্যান প্যানেল-১, ডুমরিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ** (১) নিয়মিত ট্যাক্স আদায় রেজিষ্টার হালনাগাদ করতে হবে।<br>(২) ইউনিয়ন পরিষদের মাসিক সভা ও ১৩ টি স্থায়ী কমিটির সভা নিয়মিত সম্পন্ন করে কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (১) চেয়ারম্যান, ডুমরিয়া ইউনিয়ন পরিষদ |

## উপজেলা বন কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| অনুপস্থিত | **সিদ্ধান্তঃ** পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা বন কর্মকর্তা টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

# বিবিধ

## উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টুঙ্গিপাড়া জানান যে, সরকারি নির্দেশনা খাদ্য বান্ধব কর্মসূচী ও টিসিবি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) নীতিমালা অনুযায়ী ধান সংগ্রহের বিষয়টি নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় ডেপুটি জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া সাব সেন্টার জানান যে, বর্তমানে লাইন বিচ্ছিন্নের কাজ চলমান রয়েছে। সরকার বিভিন্ন দপ্তরে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ জানান। এছাড়া দাপ্তারিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>(১) গ্রাহক সেবা নিশ্চত করতে হবে।<br>(২) সাধারণ বকেয়াসহ সরকারি দপ্তরসমূহের বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সচেষ্ট হতে হবে। | (১) ডেপুটি জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া জোনাল অফিস।<br>(২) সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), টুঙ্গিপাড়া। |

## উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, নৌ পরিবহন এর চাহিদার প্রেক্ষিতে ঘাট ও নৌ চলাচল বিষয়ে তথ্য সংগ্রহের কাজ চলছে। পাট ও আউষ ফসলের কর্তন তালিকার কার্যকম চলমান রয়েছে। ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান কার্যক্রম চলমান রয়েছে। মাসিক কৃষি মজুরির তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ** সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সাথে সমন্বয় করে জরিপ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## উপজেলা কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, তার দপ্তর হতে নিয়মিত দ্রব্যমূল্যের দাম নিয়ন্ত্রণে বাজার মনিটর কাজ করা হয়। বাজারে প্রায় প্রতিটি দ্রব্যমূল্য স্থিতিশীল লক্ষ্য করা গেছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় তিনি আরও জানান যে, গতমাসে ০২টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। দোকানে দ্রব্য মূল্য তালিকা না থাকায় মোট ৯,০০০/= (নয় হাজার) টাকার জরিমানা আদায় করা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ**<br>১। নিয়মিত বাজার মনিটরিং করে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>২। প্রশাসনের সহায়তায় মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | (১) সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকউটিভ ম্যাজিস্ট্রেট, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।<br>(২) উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, দাপ্তরিক নিয়মিত কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্তঃ** (১) দাপ্তরিক নিয়মিত সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | (১) উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

**অন্যান্য সিদ্ধান্তঃ**

(১) প্রত্যেক দপ্তরের অফিসিয়াল ই-মেইল এ কার্যবিবরণী প্রেরণ করতে হবে।

(২) প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রত্যেক দপ্তরের কার্যপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় দেশপ্রেমের মহান আদর্শে উজ্জীবিত হয়ে নিজ নিজ অবস্থানে দায়িত্বশীল আচরণের অনুরোধ জ্ঞাপন করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(ফারজানা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.২৫- ৭৮১/১ তারিখঃ ০৮/০৯/২০২৫খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।

০৬। প্রশাসক, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।

০৭। উপজেলা ..............................................কর্মকর্তা, টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।

০৮। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান .................................................. ইউপি (সকল), টুঙ্গিপাড়া।

০৯। জনাব ........................................................................................................

০৮/০৯/২৫

(ফারজানা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
ফোনঃ ০২-২২৪৪৫৬২১৩